
# www.priofaridpur.com



**নরেন্দ্র নাথ মিত্র**

**১৯১৬ সালে**

**ফরিদপুর জেলার ভাঙ্গা থানার সদরদি গ্রামে**

নরেন্দ্র নাথ মিত্র ছিলেন একজন বিখ্যাত লেখক। পিতার নাম মহেন্দ্র লাল এবং মাতার নাম ছিল বিরাজ বালা। ভাঙ্গা হাই স্কুল থেকে এসএসসি এবং রাজেন্দ্র কলেজ থেকে আইএসসি ও বিএসসি পাশ করেন।

তার লেখালেখির সূচনা বাল্যকাল থেকেই। তিনি শুরুতে গৃহশিক্ষকতা করে জীবিকা নির্বাহ করতেন। তার প্রথম প্রকাশিত কবিতা ছিল "মুক" এবং প্রথম মুদ্রিত গল্প ছিল "মৃত্যু ও জীবন"। তার এই দুটো লেখাই ১৯৩৬ সালে দেশ পত্রিকায় প্রকাশিত হয়। এছাড়াও ৫০ টি গল্পগ্রন্থ বিভিন্ন সময়ে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হয়েছে। 'দীপপুঞ্জ', 'চেনামহল', 'তিনদিন তিনরাত্রি', উপন্যাস গুলো ধারাবাহিকভাবে দেশ পত্রিকায় প্রকাশিত হলে পাঠকমহলে তিনি বেশ সমাদৃত হন। ছোট গল্প রচনায় তার সর্বাধিক কৃতিত্ব রয়েছে।

তিনি চলচিত্রের জন্য বহু রচনা করেছেন। তার মধ্যে সত্যজিৎ রায়ের মহানগর অগ্রগামী এবং হেডমাষ্টার রাজেন্দ্র তরফদারের পালঙ্ক বিশেষভাবে উল্লেখযোগ্য। টিভির ও চলচিত্রের জন্য তার গল্পের নাট্যরুপ দিয়েছেন বিখ্যাত চলচিত্রকার সত্যজিৎ রায় এবং মৃনাল সেন।

তিনি তার লেখার স্বীকৃতি স্বরুপ ১৯৬১ সালে আনন্দ বাজার পুরস্কার পান। তাঁর রচিত উল্লেখযোগ্য গ্রন্থ: উল্টোরথ, অসমতল, দীপপুঞ্জ, হলদে বাড়ী, দুর ভাষিনী, গোধুলি কাঠ গোলাপ, শুক্লপক্ষ, বসন্ত পঞ্চম, দেহমন, অক্ষরে অক্ষরে ইত্যাদি ।

[তথ্য সূত্র: ফরিদপুরের কবি সাহিত্যিক লেখক-আ.ন.ম আবদুস সোবহান, বৃহত্তর ফরিদপুরের ইতিহাস, মনোয়ার হোসেন সম্পাদিত ফরিদপুর গাইড ]।